

গণিত অলিম্পিয়াড কৌশল ব্যবহার করে বিষয়ভিত্তিক (গণিত) প্রশিক্ষণ প্রতিবেদন

উপজেলা রিসোর্স সেন্টার, কুমারখালী, কুষ্টিয়ায় অধিদপ্তর প্রদত্ত সময় সূচি অনুযায়ী গত ১৬/০২/২০২২ খ্রি. হতে ২১/০৩/২০২২ খ্রি. পর্যন্ত ০৫ ব্যাচ গণিত অলিম্পিয়াড কৌশল ব্যবহার করে বিষয়ভিত্তিক (গণিত) প্রশিক্ষণের কার্যক্রম সম্পন্ন হয়েছে। এতে প্রাথমিক বিদ্যালয়ের মোট ১৫০ জন (শিক্ষক/শিক্ষিকা) প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করে তাদের প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করেছেন। প্রতিটি ব্যাচের প্রশিক্ষণ শুরুর দিন আলোচক হিসেবে অত্র উপজেলার উপজেলা শিক্ষা অফিসার জনাব মোঃ মোস্তাফিজুর রহমান উপস্থিত থেকে গুরুত্বপূর্ণ আলোচনায় অংশগ্রহণ করেন এবং ৫ম ব্যাচের সমাপনী অনুষ্ঠানে কুমারখালী উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয় উপস্থিত থেকে প্রশিক্ষণার্থীদের মাঝে সনদপত্র বিতরণ করেন।

উক্ত প্রশিক্ষণে TOT প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষক (১) সেলিনা খাতুন, এইউইও, উপজেলা শিক্ষা অফিস, কুমারখালী, কুষ্টিয়া। (২) নীহার কান্তি বিশ্বাস, সহকারী শিক্ষক, উমেদ আলী বিশ্বাস সরকারি প্রাথমিক বিদ্যালয় (৩) মোঃ আরিফুজ্জামান, সহঃ শিক্ষক, কৃষ্ণপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় (৪) মোঃ সাঈদ শেখ, সহঃ শিক্ষক, নাউখী সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং (৫) উৎপল কুমার সাহা, সহঃ শিক্ষক, তেবাড়িয়া শেরকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়, কুমারখালী, কুষ্টিয়া পর্যায়ক্রমে প্রশিক্ষণ প্রদান করেছেন।

প্রশিক্ষণ নিয়মিত সকাল ৯.০০ ঘটিকায় শুরু এবং বিকাল ৫.০০ ঘটিকায় শেষ হয়েছে। প্রশিক্ষণ কোর্সে ম্যাটেরিয়ালস হিসেবে কলম, রাইটিং প্যাড, নেমকার্ড, ফাইল, কিট ব্যাগ, কাগজ, পোস্টার পেপার, পেনসিল, ইরেজার, খাতা, আর্ট পেপার, সাইন পেন, পুশপিন, মার্বেল, ছক্কা লুডু, বল, কালার পেপার, কাঁচি, দিয়াশলাই, স্কেল, এন্টি কার্টার, মাস্কিন টেপ, কসটেপ, গাম, ভিপকার্ড ও হোয়াইট বোর্ড-পার্মানেন্ট মার্কার ইত্যাদি প্রয়োজন অনুসারে সরবরাহ করা হয়েছে। প্রশিক্ষণের সমাপনী দিনে সকল অংশগ্রহণকারীকে প্রশিক্ষণে অংশগ্রহণ সম্পর্কিত সনদপত্র প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থী ও প্রশিক্ষকগণের গ্রেড ভিত্তিক মূল্যায়ন করা হয়েছে। প্রশিক্ষণ ম্যানুয়াল অনুযায়ী প্রশিক্ষকগণ প্রশিক্ষণ পরিচালনা করেছেন। এতে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও শৃংখলা বজায় ছিল।

উক্ত প্রশিক্ষণে জনাব ফিরোজা পারভীন, ইন্সট্রাক্টর, অত্র ইউআরসি সার্বক্ষনিক উপস্থিত থেকে প্রশিক্ষণ চলাকালে ইউআরসি'র দুইজন সহায়ক কর্মকর্তা/কর্মচারীকে সঙ্গে নিয়ে প্রশিক্ষণকে সাফল্য মন্ডিত করেছেন।

পরিকল্পনা ও বাজেট বিভাজন অনুসারে উক্ত প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। প্রশিক্ষণের মান সন্তোষজনক।